74

তারিখ ... 22 JUL 1997 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬ ...

দৈনিক ইত্তেফাক

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে বর্ধিত ফি শতকরা ৪৫ ভাগ হ্রাস করা হইবে

**আনোয়ার আলদীন ॥** ঢাকা বিশ্ববিদালয়ের ছাত্র-ছাত্রীদের উপর বিবিধ ক্ষেত্রে আরোপিত বর্ধিত ফি এবং নূতন সংযোজন ফি শতকরা ৪৫ ভাগ হ্রাস করা হইবে। গত ১৪ই জুলাই হইতে আকস্মিকভাবে বর্ধিত ২৬ শত ২০ টাকার এই ফি হ্রাস

(২য় পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## হ্রাস করা হইবে

(১ম পৃঃ পর)

করিয়া ২ হাজার টাকার মধ্যে আনা হইবে। এই বিষয়ে আগামী ২৪শে জুলাই অনুষ্ঠিতব্য বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেটের সভায় চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হইবে। গতকাল (সোমবার) ভিসি প্রফেসর এ, কে, আজাদ চৌধুরী ইত্তেফাককে এই সিদ্ধান্তের কথা জানাইয়া বলেন, বর্ধিত ফি-এর মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আয় প্রায় দেড় কোটি টাকা বাড়িত। যাহা দ্বারা শিক্ষার গুণগত মান বৃদ্ধি এবং ভৌত অবকাঠামোর উন্নয়ন করা যাইত। কিন্তু কিছু ছাত্র সংগঠন ইহার অন্তরায় সৃষ্টি করিতেছে। তাহারা বর্ধিত ফি-এর বিরুদ্ধে ছাত্রদের প্ররোচিত করিতেছে।

এদিকে এই ফি বৃদ্ধির প্রতিবাদে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা গতকাল তুমুল বারি বর্ষণের মধ্যেও বিক্ষোভ মিছিল ও ভিসি ভবনের সম্মুখে অবস্থান ধর্মঘট শেষে ভিসির নিকট স্মারকলিপি পেশ করিয়াছে। ছাত্রদল, কেন্দ্রীয় গণতান্ত্রিক ছাত্র-ঐক্য, ছাত্রলীগ (কা-চু), ছাত্র ইউনিয়ন, ছাত্রমৈত্রী ও সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট ছাত্রদের এই আন্দোলনের সহিত একাত্মতা জানাইয়া গতকাল পৃথক বিবৃতি প্রদান করিয়াছে। ছাত্রদল ও গণতান্ত্রিক ছাত্র ঐক্য আগামীকাল (বুধবার) বর্ধিত ফি প্রত্যাহারের দাবীতে ক্যাম্পাসে মিছিল সমাবেশের কর্মসূচী ঘোষণা করিয়াছে।

বিবিধ ফি বৃদ্ধি এবং ভৌত অবকাঠামো চার্জ নামে ছাত্রপ্রতি দুইশত টাকার নূতন ফি গ্রহণের প্রতিবাদে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা গতকাল দুপুরে অপরাজেয় বাংলা হইতে একটি বিক্ষোভ মিছিল বাহির করে। মিছিলটি ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে ভিসি ভবনের সম্মুখে অবস্থান ধর্মঘট পালন করে। এই স্থানের সমাবেশে ছাত্র-ছাত্রীরা বলেন, আকাশচুম্বি ফি বৃদ্ধির ফলে আমাদের মধ্যে যাহারা মধ্যবিত্ত বা নিম্নবিত্তের ছাত্র-ছাত্রী রহিয়াছে তাহাদের উচ্চ শিক্ষার পথ রুদ্ধ হইয়া যাইবে। এই বর্ধিত ফি প্রত্যাহার না করা হইলে বিশ্ববিদ্যালয়ে লাগাতার ছাত্র ধর্মঘট ডাকা হইবে। একপর্যায়ে কয়েকজন ছাত্র ভিসির অফিসে গিয়া তাহাকে একটি স্মারকলিপি প্রদান করে। পরে ভিসি প্রফেসর আজাদ চৌধুরী ছাত্র-ছাত্রীদের অবস্থানস্থলে আসিয়া তাহাদের দাবী সিণ্ডিকেটে উত্থাপন করা হইবে বলিয়া আশ্বাস দিলে ছাত্র-ছাত্রীরা অবস্থান ধর্মঘট ভঙ্গ করে। সমাবেশে বক্তব্য রাখেন নিপা, কাজল, বাবু, প্রশান্ত, মোস্তাফিজ, এমএ মান্নান, তুহিন, আশরাফ, নাসিম, পল্টন, মনির, সাইফুল প্রমুখ।

ছাত্রদল বিশ্ববিদ্যালয় শাখার আহ্বায়ক নাসির উদ্দিন অসীম ও যুগ্ম আহ্বায়ক সেলিমুজ্জামান মোল্লা সেলিম, ছাত্রলীগের ওবায়দুর রহমান চুন্নু, ছাত্র মৈত্রীর জিয়াউল হক জিয়া, ছাত্র ইউনিয়নের আসলাম খান, ছাত্র ফ্রন্টের নূরুল ইসলাম প্রমুখ পৃথক বিবৃতিতে বর্ধিত ফি প্রত্যাহারের দাবী জানাইয়া বলিয়াছেন ইহা শিক্ষা সংকোচন করার চক্রান্ত।

এদিকে গতকাল ক্যাম্পাসে ক্রিয়াশীল সকল ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ ভিসির সহিত সাক্ষাৎ করিয়া এই বর্ধিত ফি প্রত্যাহারের দাবী জানাইয়াছেন।